সেহেতু উক্ত আইনের ৫(৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা ঝালকাঠি, উপজেলা ঝালকাঠি, মৌজা বালিঘোনা, জে.এল নং-১৩।

| খতিয়ান নং | দাগ নং | আংশিক/পূর্ণ | অধিগ্রহণকৃত জমির পরিমাণ | |
|---|---|---|---|---|
| | | | একর | শতাংশ |
| ৭৩৭, ১৪১৬ | ৫৫০ | আংশিক | ০ | ২০ |
| ৩ | ৫৫২ | পূর্ণ | ০ | ২৬ |
| ১৪১৭ | ৫৫৩ | আংশিক | ০ | ৬৬ |
| ১০২৩, ১০২৪ | ৫৫৫ | ,, | ০ | ২৪ |
| ১১০১ | ৫৫৬ | ,, | ০ | ০৮ |
| ৭৩৭, ১৪১৬ | ৫৫১ | ,, | ০ | ০২ |
| ২ | ৪৯৩ | ,, | ০ | ০২ |
| সর্বমোট জমির পরিমাণ=১.৪৮ একর। | | | | |

জমির নকসা জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
যুগ্মসচিব।

**যোগাযোগ মন্ত্রণালয়**
**সড়ক বিভাগ**
**তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৩ ফেব্রুয়ারি ২০১৪/১ ফাল্গুন ১৪২০

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১২.১২-২৪**—জনাব মোঃ মাহবুব আলম, সহকারী প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০৭৩), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে ০৪-০৫-২০০২ তারিখের ১৮৫ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যুক্তরাষ্ট্রে Computer Programming & Information Technology এর উপর উচ্চতর শিক্ষা গ্রহণের জন্য ছুটি ভোগের তারিখ হতে ১৮ (আঠার) মাসের শিক্ষা ছুটি শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হয়। গত ০৫-০৬-২০০৩ তারিখের ২২১ সংখ্যক প্রজ্ঞাপনমূলে কানাডার Concordia University-তে সিভিল ইঞ্জিনিয়ারিং এ মাস্টার্স কোর্স করার জন্য তাঁর অনুকূলে ১৮ (আঠার) মাসের ছুটির সাথে আরো অতিরিক্ত ১৯ (উনিশ) মাস অর্থাৎ (১৮+১৯)=৩৭ মাসের মধ্যে ২৮ মাস অর্ধগড় বেতনে এবং পরের ৯ মাস বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। পরবর্তীতে মঞ্জুরীকৃত ৩৭ মাসের ছুটির সাথে আরো অতিরিক্ত ২৩ মাস বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়;

যেহেতু জনাব মোঃ মাহবুব আলম তিন দফায় মঞ্জুরীকৃত ৫(পাঁচ) বছর শিক্ষা ছুটি শেষে ০৩-০৫-২০০৭ তারিখ অপরাহ্নে কর্মস্থলে যোগদান করেন। পরবর্তীতে ২৪-০৬-২০০৭ তারিখ ৫(পাঁচ) বছরের লিয়েন মঞ্জুরীর জন্য প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের মাধ্যমে এ বিভাগে আবেদন করলে বিগত ০৮-০৮-২০০৭ তারিখের আরএইচই/৮পি-৫৬/২০০১-৪৩৯ সংখ্যক স্মারকমূলে তাঁর লিয়েন মঞ্জুরীর আবেদন বিবেচনা করা যাচ্ছে না মর্মে তাঁকে অবহিত করা হয়। অতঃপর তাঁর ০৪-০২-২০০৮ তারিখের লিয়েন আবেদনটি পুনঃবিবেচনার জন্য সুপারিশসহকারে প্রধান প্রকৌশলী ০৩-০৩-২০০৮ তারিখে ৩৪১-ই সংখ্যক স্মারকের মাধ্যমে এ বিভাগে প্রেরণ করলে বিগত ১৬-০৪-২০০৮ তারিখের ৩০৫ সংখ্যক স্মারকে লিয়েন পুনঃবিবেচনার আবেদনটি বিবেচনা করা যাচ্ছে না মর্মে তাঁকে পুনরায় অবহিত করা হয়;

যেহেতু জনাব মোঃ মাহবুব আলম লিয়েন আবেদন নামঞ্জুর হওয়ার বিষয় জেনেও গত ১৬-০৪-২০০৮ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ প্রেক্ষাপটে তাঁর বিরুদ্ধে কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (ডি) ও (এফ) মোতাবেক যথাক্রমে ডিজারশন ও অসদাচরণ এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলার অবিযোগনামা ও অভিযোগবিবরণী তাঁর নিকট প্রেরণ করা হলে তা প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। সে প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২) (সি) মোতাবেক বিভাগীয় মামলার ধারাবাহিকতায় এ বিভাগের উপসচিব জনাব মোঃ আব্দুল হামিদ (বর্তমানে যুগ্মসচিব)- কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ২৯-০৪-২০১৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ মাহবুব আলম, সহকারী প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০৭৩) এর বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক চাকুরি থেকে বরখাস্তকরণ (dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশও প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। তদপ্রেক্ষিতে তাঁকে চাকুরী থেকে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক চাকুরী থেকে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্মকমিশনের অভিমত চাওয়া হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব মোঃ মাহবুব আলম, সহকারী প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০৭৩), কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু এ প্রেক্ষিতে জনাব মোঃ মাহবুব আলম, সহকারী প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০৭৩), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু এক্ষণে জনাব মোঃ মাহবুব আলম, সহকারী প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০৭৩), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ১৬-০৪-২০০৮ হতে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

তারিখ, ১৭ ফেব্রুয়ারি ২০১৪/০৫ ফাল্গুন ১৪২০

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৪.১২-২৭**—জনাব মোহাম্মদ মাসুদ আলী, উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক), (পরিচিতি নম্বর-০০০১৭৯), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (যান্ত্রিক) পদ, ঢাকা-কে ১৯-০৯-২০০৫ আরএইচই-১/২এম-৩২/৯৭-৭৬০ সংখ্যক প্রজ্ঞাপনমূলে Senior Consultant (Training Manager) হিসেবে WSP imc Ltd. UK- এর বাংলাদেশ অফিসে ২ (দুই) বছরের জন্য লিয়েন মঞ্জুর করা হয়। পরবর্তীতে তাঁর আবেদনের প্রেক্ষিতে একই অফিসে HR and Governance Advisor হিসেবে ১০-১২-২০০৭ তারিখের সজস-১/২এম-৩২/৯৭-৬৪০ সংখ্যক প্রজ্ঞাপনমূলে লিয়েনের মেয়াদ ০১-১০-২০০৭ তারিখ হতে ৩১-০৩-২০০৯ তারিখ পর্যন্ত ১ (এক) বছর ৫ (পাঁচ) মাস বর্ধিত করা হয়। তাঁর অনুকূলে মঞ্জুরীকৃত লিয়েনের মেয়াদ ০১-০৪-২০০৯ তারিখ শেষ হলেও অদ্যাবধি তিনি কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু এ প্রেক্ষাপটে জনাব মোহাম্মদ মাসুদ আলী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(ডি) মোতাবেক ডিজারশন এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগবিবরণী তাঁর নিকট প্রেরণ করা হলে তা প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। সে প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলার ধারাবাহিকতায় এ বিভাগের উপসচিব খন্দকার ফাতেমা বেগম (বর্তমানে যুগ্মসচিব)-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ০২-০৭-২০১৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে জনাব মোহাম্মদ মাসুদ আলী, উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক), (পরিচিতি নম্বর-০০০১৭৯) এর বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক চাকুরি হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশও প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। তদপ্রেক্ষিতে তাঁকে চাকুরী থেকে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব মোহাম্মদ মাসুদ আলী, উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক), (পরিচিতি নম্বর-০০০১৭৯), কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু এ প্রেক্ষিতে জনাব মোহাম্মদ মাসুদ আলী, উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক), (পরিচিতি নম্বর-০০০১৭৯), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (যান্ত্রিক) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু এক্ষণে জনাব মোহাম্মদ মাসুদ আলী, উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক), (পরিচিতি নম্বর-০০০১৭৯), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (যান্ত্রিক) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ০১-০৪-২০০৯ তারিখ হতে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৯.১২-২৮**—জনাব মোঃ নাজমুস সাদাত, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০১০৩০), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে অষ্ট্রেলিয়ার RMIT University-তে Doctor on Project Management কোর্সে অধ্যয়নের জন্য ১২-০২-২০০৫ তারিখের সজস-১/৮পি-১৩/০৫-১৪৫ সংখ্যক প্রজ্ঞাপনমূলে মার্চ, ২০০৫ হতে ফেব্রুয়ারি ২০০৬ পর্যন্ত ০১ (এক) বছর অর্ধগড় বেতনে অধ্যয়ন ছুটি শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হয়। ০৪-০১-২০০৬ তারিখের ০৮ সংখ্যক প্রজ্ঞাপনমূলে মঞ্জুরীকৃত ১ (এক) বছর ছুটির সাথে আরো অতিরিক্ত ১ (এক) বছর অর্ধগড় বেতনে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয়। উক্ত কোর্সটি সমাপ্তির অনুমতিসহ ৩১-০১-২০০৭ তারিখের ৩৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে আরো অতিরিক্ত ০২ (দুই) বছর বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। পরবর্তীতে ২৯-০৩-২০০৯ তারিখের ৩৫৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে মঞ্জুরীকৃত ০৪ (চার) বছরের ছুটির সাথে মার্চ, ২০০৯ হতে ফেব্রুয়ারি ২০১০ পর্যন্ত আরো অতিরিক্ত ১(এক) বছর বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়;

যেহেতু জনাব মোঃ নাজমুস সাদাত, চার দফায় মঞ্জুরীকৃত ৫(পাঁচ) বছরের শিক্ষা ছুটি ফেব্রুয়ারি, ২০১০ মাসে শেষ হওয়ার পর দেশে প্রত্যাবর্তনপূর্বক চাকুরীতে যোগদান ব্যতিরেকে পুনরায় বৈদেশিক চাকুরীতে ২ (দুই) বছরের লিয়েন মঞ্জুরীর জন্য তাঁর আবেদনের প্রেক্ষিতে ১৩-০৫-২০১০ তারিখের ৩৫.০২২.০১৫. ০০.০০.১৩.২০০৫-২৯০ সংখ্যক স্মারকমূলে ০১-০৩-২০১০ তারিখ হতে ২ (দুই) বছরের লিয়েন মঞ্জুর করা হয়। উক্ত লিয়েনের মেয়াদ ২৯-০২-২০১২ তারিখে শেষ হওয়া সত্ত্বেও তিনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু এ প্রেক্ষাপটে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (ডি) অনুযায়ী ডিজারশন এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগবিবরণী তাঁর নিকট প্রেরণ করা হলে তা প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরৎ আসে। সে প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২) (সি) অনুযায়ী বিভাগীয় মামলার ধারাবাহিকতায় এ বিভাগের উপসচিব জনাব মোঃ আজাহারুল ইসলাম খান-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ০৭-০৩-২০১৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ নাজমুস সাদাত, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০১০৩০) এর বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ প্রমাণিত

হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) অনুযায়ী চাকুরি হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) অনুযায়ী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশও প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। তদপ্রেক্ষিতে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান অনুযায়ী বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব মোঃ নাজমুস সাদাত, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০১০৩০), কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু এ প্রেক্ষিতে জনাব মোঃ নাজমুস সাদাত, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০১০৩০), সড়ক ও জনপথ অদিধপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু এক্ষণে জনাব মোঃ নাজমুস সাদাত, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০১০৩০), সড়ক ও জনপথ অদিধপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) অনুযায়ী গত ২৯-০২-২০১২ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ ফাল্গুন ১৪২০/১৮ ফেব্রুয়ারি ২০১৪

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-২২/২০১৩/৩২৯**—যেহেতু, জনাব উকিল চন্দ্র রায়, উপজেলা শিক্ষা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর (সাবেক উপজেলা শিক্ষা অফিসার, পীরগাছা, রংপুর)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপ-বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং সার্বিক বিবেচনায় তাঁকে লঘুদণ্ড প্রদান করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব উকিল চন্দ্র রায়, উপজেলা শিক্ষা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর (সাবেক উপজেলা শিক্ষা অফিসার, পীরগাছা, রংপুর)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপ-বিধি মোতাবেক ১ (এক)টি বার্ষিক বেতনবৃদ্ধি এক বছরের জন্য স্থগিত রাখার লঘুদণ্ড প্রদান করা হল। ভবিষ্যতে তিনি স্থগিতকৃত বার্ষিক বেতনবৃদ্ধির বকেয়া প্রাপ্য হবেন না।

২। জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী আখতার হোসেন**
সচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**পরিকল্পনা কোষ (শ্রম-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ মাঘ ১৪২০/১২ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৪০.০০.০০০০.০২৩.০৩.০০২.১৩-৪১**—জাতীয় শিশুশ্রম নিরসন নীতি, ২০১০ বাস্তবায়ন সম্পর্কিত জাতীয় কর্ম পরিকল্পনার সংস্থান মোতাবেক নিম্নরূপ জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (NCLWC) গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী

**সদস্যবৃন্দ**

(২) সভাপতি, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি
(৩) সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
(৪) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(৫) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
(৬) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
(৭) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়
(৮) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
(৯) সচিব, তথ্য মন্ত্রণালয়
(১০) সচিব, স্থানীয় সরকার বিভাগ
(১১) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
(১২) মহা-পরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয় (শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সংশ্লিষ্ট)
(১৩) মহা পরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(১৪) যুগ্ম-সচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
(১৫) শ্রম পরিচালক, শ্রম পরিদপ্তর
(১৬) চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমী
(১৭) কান্ট্রি ডাইরেক্টর, ইউনিসেফ-বাংলাদেশ
(১৮) পরিচালক, আন্তর্জাতিক শ্রম সংস্থা-বাংলাদেশ

(১৯) কান্ট্রি ডাইরেক্টর, সেভ দ্য চিলড্রেন-বাংলাদেশ

(২০) পরিচালক, বাংলাদেশ শিশু অধিকার ফোরাম

(২১) নির্বাহী পরিচালক, আইন ও সালিশ কেন্দ্র

(২২) নির্বাহী পরিচালক, বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবি সমিতি

(২৩) মালিক পক্ষের প্রতিনিধি (৩ জন)

(২৪) শ্রমিক পক্ষের প্রতিনিধি (৩ জন)

(২৫) চেয়ারম্যান, শিশু কল্যাণ পরিষদ

(২৬) কমিটি কর্তৃক মনোনীত প্রতিনিধি (এনজিও-২ জন, শিশুশ্রম বিষয়ে কাজ করেন এমন অভিজ্ঞ-২ জন)

**সদস্য-সচিব**

(২৭) উপ-প্রধান (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

**পরিষদের কার্যপরিধি ঃ**

(১) দেশের সার্বিক শিশুশ্রম পরিস্থিতি বিশ্লেষণ ও পর্যালোচনা;

(২) জাতীয় শিশুশ্রম নিরসন নীতি, ২০১০ এবং এ সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনা সফলভাবে বাস্তবায়নে পরামর্শ প্রদান;

(৩) প্রতিকূল শিশুশ্রম পরিস্থিতি থেকে উত্তোরণের দিক নির্দেশনা প্রদান;

(৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার শিশুশ্রম নিরসন সংক্রান্ত প্রকল্প/কর্মসূচী বাস্তবায়ন সমন্বয়;

(৫) জাতীয় শিশুশ্রম নিরসন নীতি বাস্তবায়ন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনার বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন;

(৬) শিশুশ্রম নিরসন সম্পর্কিত বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ, জেলা শিশু অধিকার পরিবীক্ষণ ফোরাম এবং উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটিসমূহের কার্যক্রম পরিবীক্ষণ;

(৭) প্রয়োজনে পরিষদে প্রতিনিধি কো-অপ্ট করা যাবে;

(৮) পরিষদ ৬ (ছয়) মাস অন্তর সভায় মিলিত হবে।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের চাইল্ড লেবার ইউনিট পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**মোঃ হুমায়ুন কবীর**
সিনিয়র সহকারী প্রধান (শ্রম)।

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৪ অধিশাখা**

**অফিস আদেশ**

তারিখ, ০১ ফাল্গুন ১৪২০/১৩ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৪১.০০.০০০০.০৩৬.০১.০৬০.১৪-২৯৭**—যেহেতু, ১১-২-২০১৪ মঙ্গলবার দিবাগত রাত আনুমানিক ১২টায় সমাজসেবা অধিদফতরাধীন কিশোর উন্নয়ন কেন্দ্র, টংগী, গাজীপুর এর ২০জন কিশোর নিবাসী নিজেদের শরীর টিউব লাইটের ভাঙ্গা কাচ দিয়ে কেটে জখম করে এবং যেহেতু নিবাসীগণকে কারণে অকারণে নির্যাতন, অভিভাবক দিবসে অভিভাবকদের সাথে অসৌজন্যমূলক আচরণ করার প্রতিবাদ হিসেবে কিশোর নিবাসীরা একাজ করেছে বলে ১২-০২-২০১৪ তারিখ কিশোর উন্নয়ন কেন্দ্র, টঙ্গী, গাজীপুর পরিদর্শনকালে জানা যায় মর্মে মহাপরিচালক মহোদয় তাঁর প্রতিবেদনে উল্লেখ করেছেন এবং যেহেতু আপনি জনাব এস এম আনোয়ারুল করিম, সহকারী তত্ত্বাবধায়ক, কিশোর উন্নয়ন কেন্দ্র, টঙ্গী, গাজীপুর (বর্তমানে সমাজসেবা অধিদফতরের সদর কার্যালয়ে সংযুক্তিতে নিয়োজিত) এর এহেন আচরণ দায়িত্ব পালনে অবহেলার সামিল;

সেহেতু, এস এম আনোয়ারুল করিম, সহকারী তত্ত্বাবধায়ক, কিশোর উন্নয়ন কেন্দ্র, টঙ্গী, গাজীপুর (বর্তমানে সমাজসেবা অধিদফতরের সদর কার্যালয়ে সংযুক্তিতে নিয়োজিত) এর অপরাধের গুরুত্ব বিবেচনায় তাকে সরকারি কর্মচারী শৃংঙ্খলা ও আপীল বিধিমালা ১৯৮৫ এর বিধি ১১(১) মোতাবেক সাময়িক বরখাস্ত করা হলো।

তিনি প্রচলিত নিয়মে সাময়িক বরখাস্তকালীন সময়ে খোরপোষভাতা পাবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নাছিমা বেগম** এনডিসি
ভারপ্রাপ্ত সচিব।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ ফাল্গুন ১৪২০/২৩ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৪৩.০০.০০০০.১১৬.০৩৪.০০২.১২-৭২**—ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন ২০১০ এর ৭নং ধারামতে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে নির্বাহী পরিষদ গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি

**সদস্যবৃন্দ**

(২) উপসচিব (সমন্বয় শাখা-২), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(৩) উপসচিব সংশ্লিষ্ট অধিশাখা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(৪) জনাব বীর কিশোর চাকমা, সম্মানিত সদস্য, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি

(৫) জনাব শ্রীলা তালুকদার, প্রধান শিক্ষক, খাগড়াছড়ি সরকারী উচ্চ বিদ্যালয়

(৬) জনাব মধু মঙ্গল চাকমা, প্রাক্তন সভাপতি, চাকমা একাডেমী, খাগড়াছড়ি

(৭) এ্যাডঃ রতন কুমার দে, বিশিষ্ট নাট্যকর্মী, খাগড়াছড়ি

(৮) জনাব মথুরা বিকাশ ত্রিপুরা, নির্বাহী পরিচালক, জাবারাং কল্যাণ সমিতি, খাগড়াছড়ি

(৯) জনাব অংসুই মারমা, বিশিষ্ট সংস্কৃতি কর্মী, খাগড়াছড়ি

**সদস্য-সচিব**

(১০) উপপরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।

২। ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন ২০১০ এর ৭ (২) উপধারা অনুযায়ী পরিষদের মনোনীত সদস্যগণ তাঁদের মনোনয়নের তারিখ থেকে ৩ (তিন) বছরের জন্য সদস্য পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময়ে যে কোন মনোনীত সদস্যের সদস্যপদ বাতিল করতে পারবে কিংবা নির্বাহী পরিষদ পুনর্গঠন করতে পারবে এবং (৩) উপধারা অনুযায়ী মনোনীত কোন সদস্য যে কোন সময় সরকারকে উদ্দেশ্য করে তাঁর স্বাক্ষরযুক্ত পত্রযোগে একমাসের নোটিশ প্রদানপূর্বক স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং ০৩-০৮-২০১৩ তারিখ হতে ভূতাপেক্ষভাবে কার্যকর হবে।

**ফাহমিদা আখতার**
উপসচিব (অধিঃ৭)।

---

**শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ ফাল্গুন ১৪২০/২৩ ফেব্রুয়ারি ২০১৪

**নং সবিমস/শাঃ-৬/প্রত্নঃঅধি-১০/২০১০(অংশ)/১৪২**—গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলায় পুরাতন কাচারি বাড়িটি প্রত্নতাত্ত্বিক পুরাকীর্তির গুরুত্ব থাকায় ১৯৬৮ সালের প্রত্নতত্ত্ব সংরক্ষণ আইন (১৯৭৬ সালে সংশোধিত) অনুযায়ী পুরাকীর্তি হিসেবে সংরক্ষণযোগ্য বিবেচিত হওয়ায়, সরকার প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসীলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত প্রত্নসম্পদ বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক নং | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা? | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| (১) | পুরাতন কাচারী বাড়ী<br>গ্রামঃ মুকসুদপুর<br>পুরাতন কাচারী বাড়ী<br>উপজেলা-মুকসুদপুর<br>জেলা-গোপালগঞ্জ | ১৩নং মুকসুদপুর | ০১ | ২০৩ | ০.৩১ | উত্তরে-মুকসুদপুর বাওড়<br>দক্ষিণে-বিশ্বরোড<br>পূর্বে-চাঁদমিয়ার বাড়ী<br>পশ্চিমে-সরকারি খাল | বাংলাদেশ সরকার পক্ষে জেলা প্রশাসাক, গোপালগঞ্জ | হ্যাঁ | প্রাচীন ঐহিত্য সংরক্ষণ এবং প্রাকৃতিক সৌন্দর্য্যের নিদর্শন মুকসুদপুর বাওড় সংলগ্ন অত্র ভবনটি পর্যটন সম্ভাবনাময় কেন্দ্র হিসেবে অত্যন্ত গুরুত্বপূর্ণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সরদার মতিয়ার রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**অধিশাখা-৭**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ মাঘ ১৪২০/০৯ ফেব্রুয়ারি ২০১৪

**নং সবিম/শাঃ৭/ক্ষুদ্র নৃ সাঃপ্রঃ-০৪/২০১০/৫৬**—ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন ২০১০ এর ৭নং ধারামতে ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সাংস্কৃতিক কেন্দ্র কক্সবাজার এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে নির্বাহী পরিষদ গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) জেলা প্রশাসক, কক্সবাজার।

**সদস্যবৃন্দ**

(২) উপসচিব (সমন্বয়-২), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

(৩) উপসচিব (অধিশাখা-৭), সাংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

(৪) অধ্যক্ষ ক্য থিং অং, চাউল বাজার সড়ক, কক্সবাজার।

(৫) অধ্যাপক মং ব্রা ছিন, পানেরছড়া রাখাইন পাড়া, দক্ষিণ মিঠাছড়ি, রাম, কক্সবাজার।

(৬) অধ্যাপক অং থিং মং, হারবাং রাখাইন পাড়া, চকরিয়া, কক্সবাজার।

(৭) জনাব ছা নু অঝ মাস্টার, হোয়াইক্ষ্যং, টেকনাফ, কক্সবাজার।

(৮) জনাব আশিক উল্লাহ রফিক, মহেশখালী, কক্সবাজার।

(৯) এডঃ তাপস রক্ষিত, রক্ষিত মার্কেট, প্রধান সড়ক, কক্সবাজার।

**সদস্য-সচিব**

(১০) পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।

২। ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন ২০১০ এর ৭ (২) উপধারা অনুযায়ী পরিষদের মনোনীত সদস্যগণ তাঁদের মনোনয়নের তারিখ থেকে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য সদস্য পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময়ে যে কোন মনোনীত সদস্যের সদস্যপদ বাতিল করতে পারবে কিংবা নির্বাহী পরিষদ পুনর্গঠন করতে পারবে এবং (৩) উপধারা অনুযায়ী মনোনীত কোন সদস্য যে কোন সময় সরকারকে উদ্দেশ্য করে তাঁর স্বাক্ষরযুক্ত পত্রযোগে একমাসের নোটিশ প্রদানপূর্বক স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং ০৩-০৮-২০১৩ তারিখ হতে কার্যকর হবে।

**ফাহমিদা আখতার**
উপসচিব (অধিশাখা-৭)।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**রাজনৈতিক শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৪৪.০০.০০০০.০৭৭.২১.০০২.১৩-২০৩**—৪র্থ উপজেলা পরিষদ নির্বাচন ২০১৪ উপলক্ষে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় আইন শৃংখলা বজায় রাখার লক্ষ্যে জনস্বার্থে বৈধ ও লাইসেন্সধারী অস্ত্র মালিকদের সকল প্রকার আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ বিষয়ে The Arms Act 1878 (Act No. XI of 1878) এর Section-17-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত আদেশ জারী করিল ঃ

(২) সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় ভোটগ্রহণের পূর্ববর্তী ০৭ দিন হইতে ভোটগ্রহণের পরবর্তী ০৭ দিন পর্যন্ত সকল আগ্নেয়াস্ত্র মালিকদের অস্ত্রসহ চলাচল কিংবা অস্ত্র বহন ও প্রদর্শন না করার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল।

(৩) যাহারা এই আদেশ লংঘন করিবেন তাঁহাদের বিরুদ্ধে অস্ত্র আইনের সংশ্লিষ্ট ধারা মতে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(৪) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা ঃ

(ক) আইন-শৃঙ্খলা রক্ষার সহিত সম্পৃক্ত সকল আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য।

(খ) সরকারি-আধাসরকারী এবং বেসরকারি বিভিন্ন দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরী।

**ব্যাখা ঃ** এই আদেশে "আইন-শৃঙ্খলা বাহিনী" বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৫২ তে সংজ্ঞায়িত বাহিনীকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, মফিজুল হক**
যুগ্ম-সচিব (রাজ-৪)।

**কারা শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ মাঘ ১৪২০/১১ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৪৪.০০.০০০০.০২৩.০৮.০০২.২০১৩-৪৩**—বাংলাদেশ সেনাবাহিনী থেকে কারা অধিদপ্তরে প্রেষণে কর্মরত কারা মহাপরিদর্শক ও অতিরিক্ত কারা মহাপরিদর্শককে সেনাবাহিনীর র‍্যাঙ্ক ব্যাজসহ কারা বিভাগের জন্য নির্ধারিত রং এর পোশাক পরিধানের অনুমোদন আদিষ্ট হয়ে প্রদান করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সালমা বেগম**
উপ-সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃংখলা-২ শাখা**

**আদেশাবলী**

তারিখ, ১৯ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.১৫৫.২০১৩-৬৫**—যেহেতু, ডাঃ কাশেফা ফারহীন (১২৫১১৭), সহকারী সার্জন, কুলিয়া ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, মেলান্দহ, জামালপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩ (সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৩-০২-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়নি;

এক্ষণে, সেহেতু ডাঃ কাশেফা ফারহীন (১২৫১১৭), সহকারী সার্জন, কুলিয়া ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, মেলান্দহ, জামালপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ ৪(২) (বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারি হওয়ার তারিখ থেকে ২ (দুই) বৎসর সময় পর্যন্ত স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

তারিখ, ২৩ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৬.২০১৪-৬৭**—যেহেতু, ডাঃ মোঃ মাইনুল ইসলাম মজুমদার (৩৭৩৩৩), জুনিয়র কনসালটেন্ট (এ্যানেসথিসিয়া) (চঃদাঃ), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফরিদগঞ্জ, চাঁদপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও (সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে' কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৮-০২-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব শুনানীতে প্রদত্ত বক্তব্য ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনাপূর্বক ডাঃ মোঃ মাইনুল ইসলাম মজুমদার (৩৭৩৩৩), জুনিয়র কনসালটেন্ট (এ্যানেসথিসিয়া) (চঃদাঃ), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফরিদগঞ্জ, চাঁদপুর কে তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

**এ.এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**শৃংখলা-১ শাখা**

**আদেশাবলী**

তারিখ, ২০ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৬.২০১৩-১৪৯**—যেহেতু, ডাঃ মোঃ মঈনুল মোর্শেদ (১১১৩৬৫), ইনডোর মেডিকেল অফিসার (আইএমও), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিরাজদিখান, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১২-০২-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়।

এক্ষণে, সেহেতু ডাঃ মোঃ মঈনুল মোর্শেদ (১১১৩৬৫), ইনডোর মেডিকেল অফিসার (আইএমও), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিরাজদিখান, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৬.২০১৩-১৫০**—যেহেতু, ডাঃ মোঃ জহির উদ্দিন মোল্লা (১২০৮৫১), সহকারী রেজিস্ট্রার, থোরাসিক সার্জারী বিভাগ, জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, টুংগীবাড়ী, মুন্সিগঞ্জ)- এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১২-০২-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, হেপাটাইটিস এ আক্রান্ত হয়ে চিকিৎসকের পরামর্শে পূর্ণ বিশ্রামে থাকায় যথা সময়ে পদায়িত কর্মস্থলে যোগদান করতে বিলম্ব হয়েছিল;

এক্ষণে, সেহেতু ডাঃ মোঃ জহির উদ্দিন মোল্লা (১২০৮৫১), সহকারী রেজিস্ট্রার, থোরাসিক সার্জারী বিভাগ, জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে নবীন কর্মকর্তা হওয়ায় সার্বিক বিবেচনায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

তারিখ, ২৮ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৬.২০১৩-১৬০**—যেহেতু, ডাঃ আলী হায়দার মোহাঃ তোহুরুল ইসলাম (৪১৮৫৬), জুনিয়র কনসালটেন্ট, রেডিওলজি, সদর হাসপাতাল, চাঁপাইনবাবগঞ্জ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৭-০২-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, নৈমিত্তিক ছুটি নিয়ে বাড়ী ফেরার পথে সড়ক দুর্ঘটনায় পায়ে আঘাতপ্রাপ্ত হন। এ কারণে তিনি কর্মস্থলে যোগদান করতে পারেননি। পরবর্তীতে সুস্থ হয়ে ১৭-০৯-২০১৩ তারিখে কর্মস্থলে যোগদান করেন;

এক্ষণে, সেহেতু ডাঃ আলী হায়দার মোহাঃ তোহুরুল ইসলাম (৪১৮৫৬), জুনিয়র কনসালটেন্ট, রেডিওলজি, সদর হাসপাতাল, চাঁপাইনবাবগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে নবীন কর্মকর্তা হওয়ায় সার্বিক বিবেচনায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

**পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৭ ফাল্গুন ১৪২০/১৯ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৪৭.০৩৭.০১৪.০০.০০.১২৩.২০১৩-৫৩**—পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাধ্যমে দেশের কুড়িগ্রাম, গাইবান্ধা, রংপুর, নীলফামারী, লালমনিরহাট, পাবনা, টাঙ্গাইল এবং জামালপুর জেলায় বাস্তবায়নাধীন "চর জীবিকায়ন কর্মসূচি-২য় পর্যায় (সিএলপি-২)" শীর্ষক প্রকল্পটির মাঠ পর্যায়ের কার্যক্রম সমন্বয়, পর্যালোচনা ও তদারকির জন্য নিম্নরূপভাবে উপজেলা সমন্বয় উপ-কমিটি (Upazila Co-ordination Sub-Committee) গঠন করা হলো ঃ

ক) কমিটি গঠন ঃ

**উপদেষ্টা**

(১) উপজেলা চেয়ারম্যান

**সভাপতি**

(২) উপজেলা নির্বাহী কর্মকর্তা

**সদস্যবৃন্দ**

(৩) উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা পশুসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপ-সহকারী প্রকৌশলী, জন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

(৪) কর্মসূচি সংশ্লিষ্ট উপজেলার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ

(৫) কর্মসূচির আওতায় কার্যক্রম বাস্তবায়ন সংস্থার প্রতিনিধি (১ম সভার মাধ্যমে নির্ধারিত হবে)।

(৬) চেম্বার অব কমার্স অথবা বেসরকারি খাতে প্রতিনিধি (১ম সভার মাধ্যমে নির্ধারিত হবে)।

খ) কমিটির কর্মপরিধি (Terms of Reference) :

- প্রকল্প বাস্তবায়নাধীন এলাকায় প্রকল্পের কর্মকান্ডের বিষয়ে একটি সাধারণ ধারণা জন্মানোর জন্য উপজেলা পর্যায়ের স্টোকহোল্ডার প্রতিনিধিদের একত্রীত করা;
- সামগ্রিক কর্মসূচি পরিকল্পনা এবং ব্যবস্থাপনা প্রক্রিয়ার সাথে বিভিন্ন উপজেলা পর্যায়ের স্টোকহোল্ডারদের স্বার্থ যাতে ন্যায়সম্মত এবং কার্যকরভাবে প্রতিপালিত হয় তা নিশ্চিত করা;
- প্রকল্পের সংশ্লিষ্ট জেলা সমন্বয় সাব-কমিটির কাছে প্রকল্পের কর্মকাণ্ড ও সাফল্য তুলে ধরার নিমিত্তে প্রয়োজনীয় তথ্য ও মতামত সংগ্রহ করে সভাপতিকে সহায়তা প্রদান;
- কর্মসূচি সম্পর্কিত বিষয়ে গৃহীত যে কোন সিদ্ধান্ত বা পরিকল্পিত কর্মকান্ডের তথ্য উপজেলায় কার্যকরভাবে ছড়িয়ে দেয়ার বিষয়টি নিশ্চিত করা; এবং
- স্থানীয় সম্পদ সংগ্রহ এবং প্রয়োজনবোধে সহায়তা কামনা করা যাতে সরকার এবং প্রকল্পের সংশ্লিষ্ট উপজেলার স্থানীয় লোকজন কর্মসূচি বাস্তবায়নের সহায়তা প্রদান করতে পারে।

গ) কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

ঘ) কমিটি ১ (এক) মাস পর পর সভায় মিলিত হবে।

ঙ) চর জীবিকায়ন কর্মসূচি-২ প্রকল্পের উপজেলা সমন্বয়কারী কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
সহকারী প্রধান।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**উর্ধ্বতন নিয়োগ-২ শাখা**

**শোক প্রস্তাব**

তারিখ, ১৫ জ্যৈষ্ঠ, ১৪২১/২৯ মে, ২০১৪

**নং ০৫.০০.০০০০.১৩১.০০.১২৯.১২-৬০৪**—সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ডা. মোঃ জাহেদুল ইসলাম (৭৩৬৫) গত ১৩ এপ্রিল ২০১৪ তারিখ রবিবার রাত ৯.১৫ টায় ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ..................... রাজিউন)।

২। মরহুম মোঃ জাহেদুল ইসলাম ২২ অক্টোবর ১৯৫৬ তারিখ বগুড়া জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ০৫ জানুয়ারি ১৯৮১ তারিখ বিসিএস (প্রাণিসম্পদ) ক্যাডারে যোগদান করেন। তিনি গত ১৫-১০-২০০৬ খ্রি. তারিখ উপসচিব এবং ০১-১১-২০১০ খ্রি. তারিখ যুগ্মসচিব পদে পদোন্নতি পান। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে কর্মরত ছিলেন।

৩। মরহুম মোঃ জাহেদুল ইসলাম দীর্ঘ চাকরি জীবনে একজন কর্তব্যপরায়ণ, নিষ্ঠাবান ও মিষ্টভাষী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও এক কন্যাসহ বহু আত্মীয়-স্বজন ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মরহুম ডা. মোঃ জাহেদুল ইসলাম এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি অকৃত্রিম সমবেদনা জ্ঞাপন করছে।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।